

গ্লোবাল কনফারেন্সে বাংলাদেশের প্রতিনিধি ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের শফিউল ইসলাম ও ড. তৌফিক-ই-এলাহী

● নিউজ ডেস্ক

শ্রীলংকার কলম্বোতে অনুষ্ঠিতব্য সাংবাদিকতা ও গণযোগাযোগের বৈশ্বিক সম্মেলন 'গ্লোবাল কনফারেন্স অন জার্নালিজম অ্যান্ড ম্যাস কমিউনিকেশন'-এ বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে গত ৪ জুলাই বুধবার ঢাকা ত্যাগ করেছেন ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের সহযোগী অধ্যাপক শেখ মোহাম্মদ শফিউল ইসলাম এবং সহকারী অধ্যাপক ড. তৌফিক-ই-এলাহী। সম্মেলনের একাডেমিক পার্টনার হিসেবে রয়েছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

সম্মেলনে শেখ মোহাম্মদ শফিউল ইসলাম ও ড. তৌফিক-ই-এলাহী গবেষণা প্রবন্ধ উপস্থাপনের পাশাপাশি 'রাজনৈতিক যোগাযোগ' বিষয়ের ওপর অনুষ্ঠিত একটি আলোচনায় সভাপতিত্ব করবেন। উল্লেখ্য, সাংবাদিকতা ও



গণযোগাযোগের গবেষক, শিক্ষক, বিজ্ঞানী ও শিক্ষাবিদদের নবতর উদ্ভাবন, গবেষণা ও সমস্যা মোকাবেলায় নতুন নতুন কৌশল উদ্ভাবনের প্ল্যাটফর্ম হিসেবে গ্লোবাল মিডিয়া কনফারেন্সের আয়োজন করা হয়। বিজ্ঞপ্তি